# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড



২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
**website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/কক্সবাজার-১১২/১৩৭

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩৩
১০ আগস্ট ২০২৬

বিষয়ঃ- রিংভং রাহমানিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ মাহবুবুল আলম ছিদ্দিকী-এর স্বপদে পুর্নবহালসহ বকেয়া বেতন-ভাতা প্রদানে স্পষ্টীকরণ প্রসঙ্গে।

সূত্র: ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/কক্সবাজার-১১২/১৩৩, তারিখ: ১৪ জুলাই ২০২৬
২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চকরিয়া, কক্সবাজার এর স্মারক নং-০৫.২০.২২১৬.০০১.০৩.০১০.২০২৬.৭৭৯(১), তারিখ: ২৬ জুলাই ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কক্সবাজার জেলার চকরিয়া উপজেলার রিংভং রাহমানিয়া দাখিল মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মোঃ মাহবুল আলম ছিদ্দিকীকে স্বপদে পুর্নবহালসহ বিধি মোতাবেক বকেয়া বেতন-ভাতা প্রদানের জন্য সূত্রোক্ত ১ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া, কক্সবাজার কে পত্র প্রেরণ করা হয়। সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মোঃ মাহবুল আলম ছিদ্দিকীকে সুপার পদে পুনর্বহাল এবং অন্যান্য বিষয়ে সুস্পষ্ট মতামতসহ প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সূত্রোক্ত ২ নং স্মারকে চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বরাবর অনুরোধ করা হয়। সূত্রোক্ত ০১ নং স্মারকে প্রেরিত পত্রে অভিযুক্ত সুপার কর্তৃক মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ৫৫০৮/২০২৬ এর আদেশে সুপারের গত ১৫.০৪.২০২৬ ইং তারিখের আবেদন নিষ্পত্তি করার জন্য অত্র বোর্ড-কে নির্দেশনা প্রদান করা হয়। সুপার জনাব মোঃ মাহবুবুল আলম ছিদ্দিকীর ১৫.০৪.২০২৬ ইং তারিখের আবেদন পর্যালোচনায় দেখা যায়, উল্লিখিত মাদ্রাসার সহ-সুপার মুহাম্মদ আবু হুরাইরা NTRCA এর জাল সনদ নিয়ে চাকুরি গ্রহণ করার অভিযোগের প্রেক্ষিতে সহ-সুপারের বিরুদ্ধে গত ১৪/০৯/২০২২ তারিখে মামলা করার নির্দেশনা প্রদান করে NTRCA কর্তৃক পত্র প্রেরণ করা হয়। একইসাথে গত ২৬/১২/২০২৩ তারিখ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক সহ-সুপারের বেতন-ভাতা স্থগিত করার নির্দেশনাসহ কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়। তৎপ্রেক্ষিতে সহ-সুপারের বেতন-ভাতা উত্তোলন স্থগিত ও বন্ধ করা হয়। পরবর্তীতে অভিযুক্ত সহ-সুপারের বিরুদ্ধে মামলা করাসহ বেতন-ভাতা বন্ধ করা নিয়ে মাদ্রাসার সভাপতি ও সুপারের মধ্যে বিরোধ দেখা দেয় এবং এরই প্রেক্ষিতে সুপারকে সাময়িক বরখাস্ত করা হয় মর্মে প্রতীয়মান হয়।

এমতাবস্থায়, সার্বিক বিবেচনায় কক্সবাজার জেলার চকরিয়া উপজেলার রিংভং রাহমানিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ মাহবুবুল আলম ছিদ্দিকী কে স্বপদে পুর্নবহাল করে এমপিও নীতিমালা ২০২৬ এর ১১.৯ অনুচ্ছেদ অনুসারে পূর্বের বকেয়া বেতন-ভাতা বা কোনো প্রকার আর্থিক সুবিধা প্রদান না করে পুনর্বহালের তারিখ হতে বেতন-ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সূত্রোক্ত ০১ নং স্মারকপত্র ও সুপারের ১৫.০৪.২০২৬ ইং তারিখের আবেদন নিষ্পত্তির বিষয়ে স্পষ্টীকরণ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১০/৮/২৬

প্রফেসর এস এম তৌহিদুজ্জামান
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
চকরিয়া, কক্সবাজার

নং-বামাশিবো/প্রশাসন/কক্সবাজার-১১২/১৩৭

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩৩
১০ আগস্ট ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. জেলা প্রশাসক, কক্সবাজার;
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
৪. জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চকরিয়া, কক্সবাজার;
৬. জনাব মোঃ মাহবুল আলম ছিদ্দিকী, সুপার, রিংভং রাহমানিয়া দাখিল মাদ্রাসা, চকরিয়া, কক্সবাজার;
৭. পি.ও টু চেয়ারম্যান (মহোদয়ের অবগতির জন্য), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৮. অফিস কপি;

১০.৮.২৬

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd